দৈনিক সংবাদ

তারিখ 0 3 MAR 1990
পৃষ্ঠা ... ৬ ... কলাম ৭ ...

16

## সরকারী উচ্চ বিদ্যালয়সমূহে শিক্ষক নিয়োগ প্রসংগে

গত ১০-০২-৯০ তারিখের দৈনিক 'সংবাদ' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে জানতে পারলাম যে, সরকারী উচ্চ বিদ্যালয়সমূহে শিক্ষক নিয়োগের উদ্দেশ্যে মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক একটি চ্যানেল তৈরী করা হবে। বিজ্ঞপ্তিতে প্রার্থীদের বয়ঃসীমা অনূর্ধ্ব ২৭ বছর নির্ধারণ করা হয়েছে। কিন্তু এই বয়ঃসীমার আওতাভুক্ত অনূর্ধ্ব ৩।৪ বছরের শিক্ষকতায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের সংখ্যা নিতান্তই অপ্রতুল। ওদিকে বয়ঃসীমা ২৮ থেকে ৩০ বছরের মধ্যে এমন অনেক অভিজ্ঞ শিক্ষক রয়েছেন যারা দীর্ঘদিন যাবৎ এই চ্যানেলের আশায় অপেক্ষা করছেন। তাই গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় ও মাননীয় মহাপরিচালক (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর) সমীপে আকুল আবেদন এই যে, বয়ঃসীমা অনূর্ধ্ব ২৭ বছর সম্পন্ন প্রার্থীদের পাশাপাশি অন্য সকল শর্ত বজায় রেখে শিক্ষকতায় অভিজ্ঞতাসম্পন্ন যেসব শিক্ষকতায় অভিজ্ঞতাসম্পন্ন যেসব শিক্ষকের বয়ঃসীমা ১৯৯০ সালের ১লা জানুয়ারী পর্যন্ত অনূর্ধ্ব ৩০ বছর তাদেরকেও প্রার্থী হিসেবে আবেদন করার সুযোগ দেয়া হোক।

মোঃ তৌফিকুল আনোয়ার
ও স্বপন চন্দ্র দাস,
সিনিয়র শিক্ষক, পৌর
শহীদ স্মৃতি একাডেমী,
লক্ষ্মীপুর।